দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 23.3.2000 ...
পৃষ্ঠা 7 কলাম 8

25

# সিদ্ধেশ্বরী হাইস্কুলের প্রধান শিক্ষিকার কাছ থেকে অস্ত্রের মুখে পদত্যাগপত্র আদায়

স্টাফ রিপোর্টার ॥ একদল সন্ত্রাসী অস্ত্রের মুখে সিদ্ধেশ্বরী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সফুরা বেগমের কাছ থেকে পদত্যাগ পত্রে স্বাক্ষর নিয়েছে। শনিবার এ বিষয়ে রমনা থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

পুলিশ জানায়, শনিবার স্কুল ছুটির শেষমুহূর্তে অস্ত্রধারী তিন সন্ত্রাসী প্রধান শিক্ষিকা সফুরা বেগমের কক্ষে প্রবেশ করে। তারা প্রথমেই কক্ষের জানালা ও দরজা বন্ধ করে নেয়। এরপর অস্ত্রের মুখে সন্ত্রাসীরা প্রধান শিক্ষিকাকে সাদা কাগজে স্বাক্ষর করে পদত্যাগে বাধ্য করে। এরপর তারা পদত্যাগপত্রটি নিয়ে চলে যায়। যাওয়ার সময় প্রধান শিক্ষিকাকে স্কুলে না আসার জন্য হুমকি দিয়ে গেছে।